



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
সরকারি কলেজ শাখা-২
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩২০৪

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮-এর বিধি-০৫ এবং বিধি-০৬-এ বর্ণিত বিধান অনুযায়ী ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী উপজেলাধীন সরকারি শহীদ আকবর আলী বিজ্ঞান ও প্রযুক্তি মাহবিদ্যালয়ে বেসরকারী আমলে কর্মরত ১৯ (উনিশ) জন শিক্ষক-কে কলেজ সরকারিকরণের তারিখ (০২ ফেব্রুয়ারী ২০১৯) হতে রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হয়। কলেজে কর্মরত অধ্যক্ষের পদসৃজন প্রক্রিয়াধীন থাকায় রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগকৃতদের মধ্যে জ্যেষ্ঠ বিবেচনায় জনাব মোঃ আব্দুল মজিদ (ইনডেক্স-৩০১০২০৩) সহকারী অধ্যাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (নন-ক্যাডার) পদে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে যোগদান করেন এবং আয়ন-ব্যয়নকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের হিসাবরক্ষণ অফিসের সাথে বেতন-ভাতা সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জনাব মোঃ আব্দুল মজিদ (ইনডেক্স-৩০১০২০৩)-কে শর্ত মোতাবেক আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হলো।

শর্তসমূহ:

- পরবর্তীতে অধ্যক্ষের এডহক নিয়োগ হওয়ার পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- অধ্যক্ষের অনুমোদনক্রমে প্রযোজ্য বিধি অনুযায়ী তাঁকে আর্থিক কার্যক্রম পরিচালনা করতে হবে।
- উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য অধ্যক্ষ ও তিনি দায়ী থাকবেন। নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০২-১১-২০২৩
মোঃ তানভীর হাসান
সহকারী পরিচালক
ad_college2@dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩২০৪/১ (১২)

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
- ৪। জেলা প্রশাসক, -----;
- ৫। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, -----;
- ৭। অধ্যক্ষ, সরকারি শহীদ আকবর আলী বিজ্ঞান ও প্রযুক্তি মাহবিদ্যালয়, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও;
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;

৯। বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,

১০। জনাব মোঃ আব্দুল মজিদ (ইনডেক্স-৩০১০২০৩), সরকারি শহীদ আকবর আলী বিজ্ঞান ও প্রযুক্তি মহাবিদ্যালয়, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও;

১১। ব্যাংক ম্যানেজার, -----; এবং

১২। সংরক্ষণ নথি।



A handwritten signature in black ink, appearing to read 'Famir'.

০২-১১-২০২৩
মোঃ তানভীর হাসান
সহকারী পরিচালক